

স্বর্ণপদক পেলেন এশিয়ান ইউনিভার্সিটি অব বাংলাদেশের ১৯ শিক্ষার্থী

অনলাইন ডেস্ক

প্রকাশিত: ১৮:৩৫, ১ মার্চ ২০২৫



ছবি:সংগৃহীত

এশিয়ান ইউনিভার্সিটি অব বাংলাদেশ এর ৭ম সমাবর্তন অনুষ্ঠিত হয় বৃহস্পতিবার (২৭ ফেব্রুয়ারি)। সকাল ১০টায় বাংলাদেশ-চীন মৈত্রী সম্মেলন কেন্দ্রে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলরের প্রতিনিধি হিসেবে শিক্ষা মন্ত্রণালয়ের বিশেষ উপদেষ্টা প্রফেসর ড. আমিনুল ইসলাম গ্রাজুয়েটদের ডিগ্রী প্রদান করেন।

সমাবর্তনে ১৯ কৃতি শিক্ষার্থী স্বর্ণপদক লাভ করেন। এদের মধ্যে ইংরেজি বিভাগের কৃতি শিক্ষার্থী রাকিবুল ইসলাম চ্যান্সেলর গোল্ড মেডেল, বিবিএ প্রোগ্রামের শিক্ষার্থী কাজী শাহরুখ ওমী ফাউন্ডার গোল্ড মেডেল, মুহাম্মদ আরিফুজ্জামান ভাইস চ্যান্সেলর গোল্ড মেডেল লাভ করেন।

অনুষ্ঠানে সমাবর্তন বক্তা হিসেবে বক্তব্য রাখেন বিশিষ্ট ব্রিটিশ শিক্ষাবিদ অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ের ফেলো এবং বার্মিংহাম বিশ্ববিদ্যালয়ের প্রফেসর ড. ফ্রান্সিস টি ডেভিস। তিনি তার বক্তব্যে এশিয়ান ইউনিভার্সিটির গ্র্যাজুয়েটদের সারা বিশ্বে বিচরণ করে নিজেদেরকে যোগ্যতা প্রমাণের কথা বলেন।

গেস্ট অব অনার হিসেবে উপস্থিত ছিলেন একুশে পদক প্রাপ্ত সাংবাদিক ড. মাহমুদুর রহমান, সম্পাদক ও প্রকাশক দৈনিক আমার দেশ। তিনি বলেন, আজকে প্রাপ্ত ডিগ্রী দেশ ও জাতি গঠনের কাজে লাগাতে হবে। বিশেষ অতিথির বক্তব্যে, ইউজিসির সদস্য প্রফেসর ড. আনোয়ার হোসেন এশিয়ান ইউনিভার্সিটির শিক্ষার্থীদের বর্তমান বিশ্বের সাথে তাল মিলিয়ে এগিয়ে যাবার কথা বলেন।

সমাবর্তনে শুভেচ্ছা পাঠান বিশিষ্ট শিক্ষাবিদ তুরস্কের আংকারা ইলদ্রিন বেইজিদ ইউনিভার্সিটির প্রফেসর ইয়াসিন আকটে; এশিয়ান ইউনিভার্সিটি অব বাংলাদেশ এর প্রতিষ্ঠাতা প্রফেসর ড. আবুল হাসান মুহাম্মদ সাদেক স্মৃতিচারণ করতে গিয়ে বলেন, ২৯ বছর আগে দেশ ও জাতির জন্য দক্ষ যোগ্য ও নৈতিক মানে উন্নত গ্র্যাজুয়েট তৈরীর লক্ষে প্রতিষ্ঠিত হয় এশিয়ান ইউনিভার্সিটি অব বাংলাদেশ। বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান ড. মুহাম্মাদ জাফার সাদেক; আমরা শুধু শিক্ষার্থীদের পড়াই না, তাদেরকে

যোগ্য করে গড়ে তুলতে খেলাধুলার পাশাপাশি কোকারিকুলার এক্টিভিটিজে গুরুত্ব দেই।



ভাইস চ্যান্সেলর ইমিরেটাস প্রফেসর ড. শাহজাহান খান তার বক্তব্যের শুরুতে জুলাই বিপ্লবের সকল শহীদকে স্মরণ করেন ও তাদের জন্য দোয়া করেন এবং এইউবির গ্র্যাজুয়েটদের জুলাই বিপ্লবের আদর্শ ধারণ করে এগিয়ে যেতে বলেন। এ সময় উপস্থিত ছিলেন এইউবি সিন্ডিকেট সদস্য এস এম ইয়াছিন আলী ও এইউবি ট্রেজারার প্রফেসর ড. মো. নূরুল ইসলাম সহ এইউবি বোর্ড অব ট্রাস্টিজ ও সিন্ডিকেট সদস্যবৃন্দ, আমন্ত্রিত বিশিষ্ট ব্যক্তিবর্গ, শিক্ষক, কর্মকর্তা ও গ্রাজুয়েটগণ সমাবর্তনে অংশগ্রহণ করেন।